



মাননীয় প্রধানমন্ত্রীর উপস্থিতিতে টাঙ্গাইলে কৃষি মেলায় ‘খামারি’ অ্যাপের প্রদর্শন



মাননীয় প্রধানমন্ত্রী গত ১৪ এপ্রিল ২০২৬ তারিখ মঙ্গলবার দুপুরে টাঙ্গাইলের শহীদ স্মৃতি পৌর উদ্যানে কৃষি মেলায় উদ্বোধন করেন। এ সময় তিনি বাংলাদেশ কৃষি গবেষণা কাউন্সিল এর স্টল পরিদর্শন করেন এবং বিএআরসি কর্তৃক প্রস্তুতকৃত ‘খামারি’ মোবাইল অ্যাপের সুবিধাদি পরিদর্শন করেন। বিএআরসি’র নির্বাহী চেয়ারম্যান ড. মোঃ আবদুছ হালাম মাননীয় প্রধানমন্ত্রীকে বিএআরসি’র স্টলে স্বাগত জানান। তিনি বলেন, কৃষক নিজ জমিতে দাঁড়িয়ে তাৎক্ষণিকভাবে সেই জমির জন্য উপযোগি ফসল, সার সুপারিশ, মাটির পিএইচ, লবণাক্ততাসহ অন্যান্য পুষ্টি উপাদানের মান ও গুণাগুণ, আবহাওয়ার তথ্য ইত্যাদি ‘খামারি’ মোবাইল অ্যাপের মাধ্যমে খুব সহজেই জানতে পারবেন। মাননীয় প্রধানমন্ত্রী ‘খামারি’ মোবাইল অ্যাপের মাঠ পর্যায়ে বাস্তবায়নের বিষয়ে জানতে চাইলে বিএআরসি’র নির্বাহী চেয়ারম্যান মহোদয় জানান, কৃষি সম্প্রসারণ অধিদপ্তরের সহযোগিতায় বাংলাদেশের ৬০টি জেলার ৬০টি উপজেলায় গত ২০২৩-২৪ রবি ও খরিফ-২ মৌসুমে যথাক্রমে বোরো ও আমন ধানের প্রদর্শনীর কথা জানান। প্রদর্শনীতে ‘খামারি’ অ্যাপ প্রদত্ত সার সুপারিশ ব্যবহার করে কৃষকগণ কৃষক-চর্চার তুলনায় ২০ থেকে ৩০ শতাংশ পর্যন্ত সার সাশ্রয় করতে সক্ষম হয়েছেন যা সরকারের সার আমদানি বাবদ ভর্তুকি কমাতে সহায়ক হবে। মাননীয় প্রধানমন্ত্রী ‘খামারি’ মোবাইল অ্যাপের ব্যবহারকারীর সংখ্যা জানতে চাইলে বিএআরসি’র নির্বাহী চেয়ারম্যান বলেন, প্রায় ২ লক্ষ ৭৫ হাজার কৃষকের মোবাইল ফোনে অ্যাপটি ডাউনলোড করা হয়েছে এবং অনেক কৃষক অ্যাপটির সার সুপারিশ অনুযায়ী পরিমিত সার ব্যবহারের মাধ্যমে বাস্তব সুফল পাচ্ছেন। এ বিষয়ে মাননীয় কৃষিমন্ত্রী মোহাম্মদ আমিন উর রশিদ ‘খামারি’ মোবাইল অ্যাপের সেবাসমূহ ‘কৃষক কার্ড’ এর সাথে সমন্বয়ের পরিকল্পনার কথা উল্লেখ করেন। বিএআরসি’র কম্পিউটার ও জিআইএস ইউনিটের পরিচালক এবং রূপ জোনিং প্রকল্পের প্রিন্সিপাল ইনভেস্টিগেটর জনাব হাসান মোঃ হামিদুর রহমান ‘খামারি’ মোবাইল অ্যাপের বিভিন্ন ফিচার

উল্লেখ করেন এবং বোরো ধানের জন্য অবস্থানভিত্তিক সার সুপারিশ প্রদর্শন করেন। পাশাপাশি ভবিষ্যতে ‘খামারি’ মোবাইল অ্যাপের বিদ্যমান ফিচারসমূহের সাথে রোগ ও পোকা-মাকড় ব্যবস্থাপনা, কৃষি আবহাওয়া পূর্বাভাস, বাজারদর, সেচ ও উপকরণ তথ্যসহ আরও সমন্বিত ফিচার অন্তর্ভুক্ত করার পরিকল্পনা রয়েছে বলে মাননীয় প্রধানমন্ত্রীকে অবহিত করা হয়।

পাশাপাশি বিএআরসি’র নির্বাহী চেয়ারম্যান মহোদয় এবং বাংলাদেশ খান গবেষণা ইনস্টিটিউট (ব্রি) ও বাংলাদেশ কৃষি গবেষণা ইনস্টিটিউট (বারি) এর বিজ্ঞানীগণ বিভিন্ন উদ্ভাবন উপস্থাপন করেন।



১৪ এপ্রিল ২০২৬ তারিখে টাঙ্গাইলের শহীদ স্মৃতি পৌর উদ্যানে কৃষি মেলার বিএআরসি স্টলের স্থিরচিত্র